
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
পর্যটন ভবন (৯ম তলা), প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
www.frc.gov.bd

## নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির আবেদনের সাধারণ গাইডলাইন


| | |
|---|---|
| কারা আবেদন করতে পারবে | ICAB এবং ICMAB এর সদস্যগণ যারা জনস্বার্থ সংস্থার নিরীক্ষা কাজে সম্পৃক্ত হবেন, যেমন-<br>**নিরীক্ষক তালিকাভুক্তির ক্ষেত্রে:**<br>• নিরীক্ষা ফার্মের মালিক (Proprietor)<br>• নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদার (Partner)<br>• নিরীক্ষা ফার্মে কর্মরত নিরীক্ষা সেবা কার্যক্রমে সম্পৃক্ত কোনো ব্যক্তি যিনি পেশাদার একাউন্টেন্সি প্রতিষ্ঠানের সদস্য হিসাবে নিবন্ধিত।<br>**নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির ক্ষেত্রে:**<br>• একক মালিকানাধীন (Sole Proprietorship) ফার্মের ক্ষেত্রে মালিক (Proprietor)<br>• অংশীদারি (Partnership) ফার্মের ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত অংশীদার (Authorized Partner) |
| আবেদন কীভাবে করতে হবে | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের ওয়েবসাইট (www.frc.gov.bd) এর মাধ্যমে অনলাইনে এবং লিখিত (Hard Copy) আকারে অর্থাৎ উভয় পদ্ধতিতে আবেদন করতে হবে। |
| সংযুক্তিসমূহ | • চেকলিস্টে উল্লিখিত সংযুক্তিসমূহ অনলাইনে আবেদনের সময় পিডিএফ (PDF) আকারে সংযুক্ত করতে হবে এবং অফলাইন আবেদনের সময় সংযুক্তিসমূহের ছায়ালিপি আবেদনপত্রের সাথে ক্রমানুসারে জমা প্রদান করতে হবে।<br>• অংশীদারি ফার্মের ক্ষেত্রে অনুমতিপত্র (Authorization Letter) ফার্মের প্যাডে প্রিন্ট করে সংযুক্ত করতে হবে।<br>• অনলাইন আবেদনের ক্ষেত্রে ছবি, স্বাক্ষর ও সীলমোহর JPG, JPEG, PNG যে কোনো একটি ফরমেটে সংযুক্ত করতে হবে।<br>• তালিকাভুক্তি আবেদনপত্রের সাথে ০২ (দুই) কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে এবং যথাযথ স্থানে স্বাক্ষর ও সীল প্রদান করতে হবে।<br>• তালিকাভুক্তি প্রযোজ্য ফি প্রদানের জন্য '**ধাপ-৩২**' অনুসরণ করুন। |
| অফলাইন আবেদনের ক্ষেত্রে: আবেদনপত্র অনলাইন থেকে সংগ্রহ ও আবেদনের পদ্ধতি | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের ওয়েবসাইট থেকে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণপূর্বক সংগ্রহ করতে পারবেন।<br>**ধাপ ১:** www.frc.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করুন।<br>**ধাপ ২:** তালিকাভুক্তি (Enlistment) মেন্যুতে যান।<br>**ধাপ ৩:** গাইডলাইন (Guideline) সাব-মেন্যু থেকে গাইডলাইনসমূহ ডাউনলোড করুন এবং যথাযথ গাইডলাইন অনুসরণ করুন।<br>**ধাপ ৪:** নিরীক্ষক তালিকাভুক্তির জন্য 'নিরীক্ষক তালিকাভুক্তি (Auditor Enlistment)' সাব-মেন্যু থেকে ফরম ও অন্যান্য দলিলাদি (Form & Documents) ডাউনলোড করুন।<br>**ধাপ ৫:** নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির জন্য 'নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি (Audit Firm Enlistment)' সাব-মেন্যু থেকে ফরম ও অন্যান্য দলিলাদি (Form & Documents) ডাউনলোড করুন।<br>**ধাপ ৬:** সকল ফরম ও দলিলাদি যথাযথ ভাবে পূরণ করে চেকলিস্টে উল্লিখিত সকল সংযুক্তিসমূহ ক্রমানুসারে সংযুক্ত করে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের কার্যালয়ে নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করতে হবে। |
| আবেদনপত্র সরাসরি জমা প্রদানের স্থান | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল<br>পর্যটন ভবন (৯ম তলা), প্লট: ই-৫ সি/১<br>পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর প্রশাসনিক এলাকা<br>ঢাকা-১২০৭, বাংলাদেশ। |
| অনলাইনে আবেদনের জন্য একাউন্ট খোলা (Create an Account) এর জন্য যা যা প্রয়োজন | • একটি সচল ইমেইল (E-Mail);<br>• একটি সচল মোবাইল নম্বর;<br>• জাতীয় পরিচয়পত্র নম্বর। |

অনলাইন আবেদনের ক্ষেত্রে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের ওয়েবসাইট (frc.gov.bd) থেকে নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করুন-


<table>
<tr><td>ধাপ ১:</td><td>www.frc.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করুন।</td></tr>
<tr><td>ধাপ ২:</td><td>www.frc.gov.bd এর ‘তালিকাভুক্তি (Enlistment)’ মেন্যুর ‘অনলাইন আবেদন (Online Application)’ সাব-মেন্যুতে প্রবেশ করলে নিম্নোক্ত উইনডোটি দেখতে পাবেন। একাউন্ট খোলার জন্য ‘Create an Account’ এ ক্লিক করুন।




</td></tr>
<tr><td>ধাপ ৩:</td><td>এ ধাপে নিম্নোক্ত উইনডোটি দেখতে পাবেন। আপনার ই-মেইল এড্রেসটি লিখুন এবং ‘Send OTP’ তে ক্লিক করুন।




</td></tr>
<tr><td>ধাপ ৪:</td><td>পরবর্তীতে নিম্নোক্ত পপ-আপ উইনডোটি দেখতে পাবেন। ‘OK’ বাটনে ক্লিক করুন।



</td></tr>
<tr><td>ধাপ ৫:</td><td>আপনার ই-মেইল এর ‘Inbox’ এ নিম্নরূপ একটি মেইল পাবেন।



</td></tr>
<tr><td>ধাপ ৬:</td><td>ই-মেইলে ক্লিক করলে ৬ ডিজিটের একটি verification code পাবেন।



</td></tr>
</table>


**ধাপ ৭:** Verification code টি লিখে ‘Verify OTP’ তে ক্লিক করুন।





**ধাপ ৮:** এ পর্যায়ে নিম্নোক্ত উইনডোটি দেখতে পাবেন। এখানে আপনার সচল মোবাইল নম্বরটি প্রবেশ করান এবং ‘Send OTP’ তে ক্লিক করুন।





**ধাপ ৯:** নিম্নোক্ত পপ-আপ উইন্ডোটি দেখতে পাবেন, ‘OK’ বাটনে ক্লিক করুন।





**ধাপ ১০:** এ পর্যায়ে আপনার মোবাইলে verification code সহ নিম্নরূপ একটি মেসেজ পাবেন।




**ধাপ ১১:** মোবাইল মেসেজে প্রাপ্ত Verification code টি লিখে ‘Verify OTP’ তে ক্লিক করুন।




**ধাপ ১২:** এ পর্যায়ে নিম্নোক্ত পপ-আপ উইন্ডোটি দেখতে পাবেন এবং ‘OK’ বাটনে ক্লিক করুন।




**ধাপ ১৩:** এ পর্যায়ে নিম্নোক্ত উইন্ডোটি দেখতে পাবেন, যেখানে Name, NID ও Password প্রবেশ করান। Password দেয়ার সময় অবশ্যই নির্দেশনা অনুসরণ করুন। তারপর ‘Sign Up’ বাটনে ক্লিক করুন।





**ধাপ ১৪:** এ পর্যায়ে নিম্নোক্ত পপ-আপ উইনডোটি দেখতে পাবেন এবং ‘OK’ বাটনে ক্লিক করুন এবং এর মাধ্যমে আপনার একাউন্ট খোলার কাজ সম্পন্ন হবে।





**ধাপ ১৫:** এ পর্যায়ে নিম্নোক্ত উইনডোটি দেখতে পাবেন এবং ‘Login’ বাটনে ক্লিক করুন।



**ধাপ ১৬:** পরবর্তীতে E-Mail ও Password প্রদানপূর্বক ‘Sign in’ বাটনে ক্লিক করুন।








**ধাপ ১৭:** আপনার একাউন্টে প্রবেশের পর আপনি আপনার একাউন্ট এর নিম্নরূপ Dashboard টি দেখতে পাবেন।





**ধাপ ১৮:** আপনার Dashboard এর বাম দিকে **‘Auditor Registration’** ও **‘Firm Registration’** নামে দুটি মেন্যু দেখতে পাবেন।

- সকল নিরীক্ষক (যেমন- প্রোপ্রাইটর, পার্টনার এবং কোয়ালিফাইড অডিটর) প্রথমে আলাদা আলাদা ভাবে একাউন্ট তৈরি করুন।
- তারপর প্রত্যেকেই **‘Auditor Registration’** ধাপসমূহ সম্পন্ন করুন, তবে **Preview তে যে ‘Submit’ বাটন আছে তাতে ক্লিক করবেন না।**
- **‘Firm Registration’** এর ক্ষেত্রে ফার্মের মালিক (Proprietor) বা ক্ষমতাপ্রাপ্ত অংশীদার (Authorized Partner) যিনি ফার্মের In-Charge হিসাবে দায়িত্ব পালন করবেন তিনি প্রথমে ‘Firm Registration’ এর ধাপসমূহ সম্পন্ন করবেন এবং সকল ‘পার্টনার’ এবং ‘অডিটর’ কে নিয়ে প্রদর্শিত উপায়ে ‘Invite’ করবেন।




| | |
|---|---|
| | <br>● 'পার্টনার' ও 'অডিটর' Invitation গ্রহণ করার পর তাদের নিজ নিজ 'Firm Registration' ফরমে সাধারণ তথ্য সমূহ দেখতে পাবেন।<br>● ফলে ফার্মের অন্যান্য পার্টনার ও অডিটর তাদের নিজ নিজ একাউন্টে নিজেদের 'Firm' এর নাম দেখতে পাবেন এবং In-Charge সহ সকল পার্টনার এবং অডিটর **'Auditor Registration'** ও **'Firm Registration'** এর সকল তথ্য যাচাই-বাছাই পূর্বক **"Final Submit"** করতে পারবেন। |
| **ধাপ ১৯:** | 'Auditor Registration' এর ক্ষেত্রে 'Auditor Registration' মেন্যুটি Select করুন। ধাপে ধাপে সকল তথ্য পূরণ করুন, যথাযথ স্থানে টিক দিন এবং সকল সংযুক্তি Upload করুন। **পে-অর্ডারের সংযুক্তির ক্ষেত্রে অবশ্যই মূল কপি স্ক্যান করে সংযুক্ত করতে হবে।**<br><br> |
| **ধাপ ২০:** | **'Firm Registration' এর ক্ষেত্রে ফার্মের যিনি ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (In-charge) হবেন শুধুমাত্র তিনি 'Firm Registration' করবেন।** এ পর্যায়ে প্রথমে ক্ষমতাপ্রাপ্ত অংশীদার (Authorized Partner) 'Firm Registration' মেন্যুটি Select করুন।<br> |


<table>
<tr>
<td>ধাপ ২১:</td>
<td>তারপর Basic মেন্যুতে সাধারন তথ্য প্রদান করুন এবং ‘Save & Continue’ বাটনে ক্লিক করুন।



</td>
</tr>
<tr>
<td>ধাপ ২২:</td>
<td>পরবর্তী ধাপে Branch এর সকল তথ্য প্রদান করুন। প্রতিটি শাখার জন্য আলাদা আলাদা ভাবে তথ্য প্রদানপূর্ক ‘Save’ বাটনে ক্লিক করতে হবে। ‘Other Officers’ এর Course Complete Student, Apprentice Student, Articled Student এবং Non-audit Stuff ফিল্ডে মোট সংখ্যা উল্লেখ করতে হবে। ‘Registration Number’ কলামে বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক পিডিএফ কপি সংযুক্ত করতে হবে এবং আবেদনপত্রের হার্ডকপির সাথে সংযুক্ত করে জমা প্রদান করতে হবে। প্রতিটি শাখার (Branch) জন্য একই পদ্ধতি প্রযোজ্য হবে।



</td>
</tr>
</table>




## Other Officers


| Human Resources | Number | Registration Number (Where Applicable) |
|---|---|---|
| Course Complete Student | Course Complete Student | **Student Details** Choose file Browse |
| Articled Student | Articled Student | **Articled Student Details** Choose file Browse |
| Apprentice Student | Apprentice Student | **Apprentice Student Details.** Choose file Browse |
| Non-audit Staff | Non-audit Staff Number | **Non-audit Staff Details.** Choose file Browse |

Save


**ধাপ ২৩:** প্রতিটি শাখার জন্য নিম্নরূপ তথ্যসমূহ দেখতে পাবেন, তবে ‘Other Officers’ এর তথ্যসমূহ নিচের বক্সে দেখতে পাবেন না, ‘**Preview**’ তে দেখতে পাবেন। ডানের ‘Action’ কলাম থেকে ‘Edit’ বাটনে ক্লিক করে ‘Head Office’ এর অন্তর্ভুক্ত ‘Other Officers’ এর তথ্যসমূহ প্রদান করুন এবং প্রয়োজন অনুযায়ী অন্যান্য শাখার তথ্য ‘Edit’ এবং ভুল তথ্য ‘Delete’ করতে পারবেন। সকল তথ্য প্রদান সম্পন্ন হলে ‘Save & Continue’ বাটনে ক্লিক করুন।





**ধাপ ২৪:** এ ধাপে ‘Auditor’ টেবিলে শুধুমাত্র In-charge এর তথ্য থাকবে। In-charge ‘+Add’ বাটনের মাধ্যমে ফার্মের সকল পার্টনার ও নিরীক্ষকদের যুক্ত করতে পারবেন।





**ধাপ ২৫:** উপরোক্ত ‘+Add’ বাটনের ক্লিক করলে নিম্নোক্ত পপ-আপ উইনডোটি দেখতে পাবেন যার মাধ্যমে পার্টনার ও নিরীক্ষকদেরকে যুক্ত হওয়ার জন্য নিমন্ত্রণ (Invitation) পাঠাতে হবে। Branch এর নাম select করুন, যাকে Invitation পাঠানো হচ্ছে তিনি যদি ফার্মের পার্টনার হন তাহলে **‘Partner’** Select করুন, অন্যথায় **‘Auditor’** Select করুন। এরপর ই-মেইল এড্রেসটি লিখুন।





**ধাপ ২৬:** যে নিরীক্ষক বা পার্টনারকে Invitation পাঠানো হয়েছে তার ই-মেইলে নিম্নরূপ একটি মেইল পাবেন। মেইল থেকে ‘**Confirmation of Acceptance**’ এ ক্লিক করুন।




**ধাপ ২৭:** এ পর্যায়ে মেইল থেকে নিরীক্ষক বা পার্টনার Back Office প্রবেশ করবে এবং নিম্নোক্ত পপ-আপ উইনডোটি দেখতে পাবেন। যদি তিনি ঐ ফার্মের সাথে যুক্ত হতে আগ্রহী থাকেন তাহলে ‘Accept’ বাটনে ক্লিক করুন অন্যথায় ‘Reject’ বাটনে ক্লিক করুন।




**ধাপ ২৮:** নিরীক্ষক বা পার্টনার যদি Invitation **‘Accept’** করে তাহলে ফার্মের In-charge ‘Auditor’ পেজটি রিলোড দিলে ঐ সকল নিরীক্ষক বা পার্টনারদের তথ্য নিম্নরূপভাবে দেখতে পারবেন। In-charge প্রয়োজন অনুযায়ী **‘Action’** কলাম থেকে তথ্য ‘Edit’ ও ‘Delete’ করতে পারবেন।





**ধাপ ২৯:** সংযুক্তি সমূহ গাইডলাইনের শুরুতে নির্দেশিত নিয়ম অনুযায়ী সংযুক্ত করুন।



**ধাপ ৩০:** এ পর্যায়ে ইনফরমেশন সিস্টেম কর্মকর্তা যদি থাকে তাহলে ‘Applicable’ বাটনে ক্লিক করুন। তাহলে এর ডানপাশে এক টি যোগ ‘+’ চিহ্ন দেখতে পাবেন।





**ধাপ ৩১:** যোগ ‘+’ চিহ্নটিতে ক্লিক করলে নিম্নোক্ত বক্সটি দেখতে পাবেন। ইনফরমেশন সিস্টেম কর্মকর্তার তথ্যসমূহ উক্ত বক্সে প্রদান করুন ও ‘Add’ বাটনে ক্লিক করুন।





**ধাপ ৩২:** অনলাইন/ অফলাইনে ফি জমা প্রদানের জন্য নিম্নোক্ত যেকোন একটি পদ্ধতি অনুসরণ করে নিম্নে প্রদর্শিত ধাপসমূহ অনুসরণ করুন এবং ফি জমা সম্পন্ন হলে জমাকরণ রশিদ অনলাইন এবং অফলাইন উভয় আবেদনের সাথে সংযুক্ত করুন।

**<u>অনলাইন পেমেন্ট পদ্ধতি:</u>**

- অনলাইন আবেদনপত্রের Payment অপশনে গিয়ে আবেদনকারীর প্রযোজ্য ফি অনুসারে Select Item নির্বাচন করে Pay Online বাটনে ক্লিক করতে হবে।




| Payment Purpose | Amount (15% VAT Included) | Currency | Currency Rate | Select Item |
|---|---|---|---|---|
| Sole Proprietorship firm | 5750 | BDT | 1 | |
| Partnership firm (up to 5 partners or auditors) | 17250 | BDT | 1 | |
| Partnership firm (more than 5 but up to 10 partners or auditors) | 34500 | BDT | 1 | |
| Partnership firm (more than 10 but up to 20 partners or auditors) | 57500 | BDT | 1 | |
| Branch of the firm (for each branch) ** Please specify the number of branches 1 | 5750 | BDT | 1 | |




Online Payment Information

| Payment Purpose | Amount (15% VAT Included) | Currency | Currency Rate | Select Item |
|---|---|---|---|---|
| Auditor (for auditing financial statements and audit reports) | 5750 | BDT | 1 | |

Pay Online

** For online payment, please select the checkboxes for the options you want to pay for.


- Pay Online বাটনে ক্লিক করলে নিম্নের উইন্ডোটি দেখতে পাবেন।





- উইন্ডোতে প্রদর্শিত পেমেন্ট মাধ্যম (কার্ডস/ মোবাইল ব্যাংকিং/ নেট ব্যাংকিং) ব্যবহার করে ফি প্রদান করুন।
- অনলাইনে নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অনলাইন এবং অফলাইন উভয় আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।

**অফলাইন পেমেন্ট পদ্ধতি:**


- তালিকাভুক্তির প্রযোজ্য ফি “**FRC AUDITOR ENLISTMENT FUND**” এর নামে যে কোন তালিকাভুক্ত ব্যাংকের মাধ্যমে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট করতে হবে।
- পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সম্পন্ন হলে অনলাইন আবেদনপত্রের পেমেন্ট অপশনে গিয়ে আবেদনকারীর প্রযোজ্য ফি অনুসারে Offline Payment Information এর সকল তথ্য ও পে-অর্ডারের স্ক্যান কপি পিডিএফ আকারে অনলাইন আবেদনপত্রে সংযুক্ত করে Save Draft & Continue বাটনে ক্লিক করতে হবে।
- অফলাইনে নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির ফি জমাকরণ রশিদের মূলকপি অফলাইন আবেদনপত্রের সাথে সংযুক্তি আকারে জমা প্রদান করতে হবে।




**ধাপ ৩৩:** এ পর্যায়ে আপনার ফি জমার তথ্য সমূহ নিম্নরূপভাবে দেখতে পাবেন। Action’ কলাম থেকে ভুল তথ্য ‘Delete’ করতে পারবেন।



**ধাপ ৩৪:** বাংলাদেশ ব্যাংক এর নিয়ন্ত্রণনাধীন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিরীক্ষা সেবায় যদি আগ্রহী হন তাহলে ‘Yes’ ক্লিক করুন অন্যথায় ‘No’ ক্লিক করুন। বিগত ০৩ (তিন) বৎসরে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা থাকলে প্রথম যোগ ‘+’ চিহ্নটিতে ক্লিক করে বর্ণিত বক্সে সকল তথ্য পূরণ করুন এবং বিগত ০৩ (তিন) বৎসরে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত শেয়ার মার্কেটে তালিকাভুক্ত ও অ-তালিকাভুক্ত কমপক্ষে ০৫ (পাঁচ) টি প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা থাকলে দ্বিতীয় যোগ ‘+’ চিহ্নটিতে ক্লিক করে বর্ণিত বক্সে সকল তথ্য পূরণ করুন।





**ধাপ ৩৫:** এ পর্যায়ে আপনার প্রদানকৃত তথ্যসমূহ নিম্নোক্তভাবে বক্সে দেখতে পাবেন।


Bank and financial list

| Institution | type | Year | Fee | DVC | Experience | Appointment | Certification | Action |
|---|---|---|---|---|---|---|---|---|
| Dhaka Bank | Bank | 2023 | 20000 | 123 | 3 | | 👁 | ✖ |
| Dhaka Bank | Bank | 2021 | 40000 | 123 | 5 | 👁 | 👁 | ✖ |

**ধাপ ৩৬:** বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর অধীন শেয়ার বাজারে তালিকাভুক্ত জনস্বার্থ সংস্থা বা কোম্পানির নিরীক্ষা সেবায় যদি আগ্রহী হন তাহলে ‘Yes’ ক্লিক করুন অন্যথায় ‘No’ ক্লিক করুন এবং অন্যান্য তথ্যসমূহ যথাযথভাবে পূরণপূর্বক সংযুক্তিসমূহ সংযুক্ত করুন এবং ‘Save’ বাটনে ক্লিক করুন।




**ধাপ ৩৭:** কমপক্ষে ০২ (দুই) টি গুরুত্বপূর্ণ জনস্বার্থ সংস্থার বিগত ০২ (দুই) বছরের নিরীক্ষা সেবা প্রদানের অভিজ্ঞতা থাকলে ও বিগত ০২ (দুই) বছরের গুরুত্বপূর্ণ নিরীক্ষা/অনিরীক্ষা কার্যক্রমের ক্ষেত্রে নিম্নোক্ত (a) ও (b) এর যোগ ‘+’ চিহ্নে ক্লিক করে নির্দিষ্ট বক্সের তথ্য সমূহ যথাযথভাবে পূরণ করুন এবং ‘Add’ বাটনে ক্লিক করুন।



**ধাপ ৩৮:** এ পর্যায়ে আপনার প্রদানকৃত তথ্যসমূহ নিম্নোক্তভাবে দেখতে পাবেন।

List of least 02 (two) years of experience in providing audit services of major Public Interest Entities

| Institution | Type | Year | Fee | DVC | Action |
|---|---|---|---|---|---|
| Pran-RFL Group | PIE's | 2022 | 1000000 | 123 | ✖ |

List of major audit/non-audit engagements during the last 02 (two) years

| Institution | Type | Year | Fee | DVC | Action |
|---|---|---|---|---|---|
| Pran-RFL Group | PIE's | 2021 | 10000000 | 123 | ✖ |

**ধাপ ৩৯:** মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, এনজিও বিষয়ক ব্যুরো, ক্লাব, ট্রাস্ট, সমাজসেবামূলক প্রতিষ্ঠান, অলাভজনক প্রতিষ্ঠান ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এর নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন বা অন্য নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ, ইত্যাদি এর অধীন জনস্বার্থ সংস্থা বা প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা সেবায় আগ্রহী হন তাহলে ‘Yes’ ক্লিক করুন অন্যথায় ‘No’ ক্লিক করুন এবং প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করুন এবং ‘Add’ বাটনে ক্লিক করুন।

Schedule-I (Part C)

Whether the firm is interested to engage in auditing of Public Interest Entities (PIEs) or institutions under Microcredit Regulatory Authority, NGO Affairs Bureau, clubs, trusts, social service institutions, not for profit organization and private universities under University Grants Commission or other regulatory authority, etc.? Yes No

**1 Experience in audit services: (No need to re-fill if a and b of 8.1 are filled already)**
At least 02 (two) years of work experience with evidence of minimum 03 (three) appointments in Government, Semi-Government, Autonomous, Microcredit, NGO, Voluntary, Organization, Club, Trust, Social Service Institution, Private University, Bank, Insurance, Financial Institution etc. +

**Schedule-I (Part C)** ×



Name of the audited entity: Enter Organization/ Institution
Type of organization: Type of organization
Audit Year: Enter Audit Year
Audit Fee: Enter Audit Fee
DVC Number: Enter DVC Number

Add

**ধাপ ৪০:** এ পর্যায়ে আপনার প্রদানকৃত তথ্যসমূহ নিম্নোক্তভাবে দেখতে পাবেন।

Experience in Auditing Services list

| Institution | type | Year | Fee | DVC | Action |
|---|---|---|---|---|---|
| Pran-RFL Group | PIE's | 2022 | 10000000 | 123 | ✖ |

| | |
|---|---|
| **ধাপ ৪১:** | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর অধীন জনস্বার্থ সংস্থা বা বীমা কোম্পানী নিরীক্ষা সেবায় আগ্রহী হলে **ধাপ ৩৯** এর অনুরূপ পূরণ করুন এবং “Next” বাটনে ক্লিক করুন। |
| **ধাপ ৪২:** | এই ধাপে আপনি “Affidavit” দেখতে পারবেন এবং “Next” বাটনে ক্লিক করুন।<br><br> |
| **ধাপ ৪৩:** | এই ধাপে আপনি আপনার ফরমের সম্পূর্ণ “Preview” দেখতে পারবেন। “Preview” থেকে আপনার সকল তথ্য যাচাই বাছাই করুন এবং কোনো তথ্য ভুল হলে ঐ মেন্যুতে যেতে তথ্য সংশোধন করে “Save” করুন। পুনরায় যতবার প্রয়োজন “Preview” থেকে আপনার সকল তথ্য যাচাই বাছাই করুন।<br><br> |
| **ধাপ ৪৪:** | অনলাইন আবেদনপত্রে উল্লেখিত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ প্রদানপূর্বক Final Submit এর পূর্বে বার বার যাচাই-বাছাই করুন। প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসমূহ কেবলমাত্র সঠিক হলেই Final Submit করুন, কেননা Final Submit এর পরে আর কোন তথ্য-উপাত্ত বা সংযুক্তি পরিবর্তন করা সম্ভব নয়।<br><br> |
| **ধাপ ৪৫:** | “Final Submit” এর পূর্বে সকল ধাপগুলো পুনরায় ভালভাবে চেক করুন কেননা চূড়ান্ত দাখিল (Final Submit) করার পরে কোন তথ্য পরিবর্তন করা যাবে না। আপনার প্রদত্ত সকল তথ্য ও দলিলাদি সঠিক হলে “Final Submit” করুন।<br><br><br>Final Submit এর পরে Print Process বাটনে ক্লিক করে আবেদনপত্রটি প্রিন্ট করুন এবং প্রিন্টকৃত আবেদনপত্রটি অফলাইন আবেদনপত্র হিসেবে প্রদানকৃত সকল তথ্য-উপাত্ত এবং সংযুক্তিসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে এফআরসি’র কার্যালয়ে জমা প্রদান করুন। |